


আমরা সবাই শর্টকাট করতে পছন্দ করি। কোনো পথ ঘুরে না গিয়ে যদি শর্টকাট দিয়ে যাওয়া যায় তাহলে মূল্যবান সময় বেঁচে যায়। ঠিক একই ভাবে কম্পিউটারে কাজ করতে গিয়ে মেন্যু থেকে বাছাই করে কোনো কমান্ড দিতে গিয়ে যত সময় লাগে তার অনেকটাই বাঁচানো যায় যদি ঐ সব কমান্ডের শর্টকাট জানা থাকে। সি নিউজ-এর এই নিবন্ধে কয়েকটি শর্টকাট মেন্যু নিয়ে আলোচনা করা হল যা উইন্ডোজ ইউজারদের কম্পিউটার ব্যবহারকে আরো আনন্দময় এবং সহজ করে তুলবে বলেই আমাদের বিশ্বাস। আসুন, শুরু করি সহজে কিভাবে প্রোগ্রাম স্টার্ট এবং বন্ধ করা যায় তার আলোচনা দিয়ে।

### সহজে প্রোগ্রাম শুরু এবং বন্ধ করা

যে প্রোগ্রামটিকে আপনি রান করতে চাইছেন সেটির নাম জানাটাই হল আপনার প্রথম কাজ। এক্ষেত্রে আপনি RUN কমান্ড ব্যবহার করে এটি খুলতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি যখন MSCONFIG রান করতে যাবেন, RUN কমান্ড চালু করে MSCONFIG কথটি টাইপ করলেই ঐ প্রোগ্রামটি চালু হয়ে যাবে।



RUN কমান্ড বাস্তবায়ন করার জন্য শর্টকাট কি হচ্ছে WINDOWS+R। অর্থাৎ কিবোর্ডে উইন্ডোজ লোগো সম্বলিত যে কি-টি আছে সেটি এবং R প্রেস করলেই এটি চলে আসবে। আপনি যদি উইন্ডোজ ভিস্তার ব্যবহারকারী হন তাহলে

আরো সহজে এটি করতে পারবেন। WINDOWS ক্লিক করে প্রোগ্রামটির নাম টাইপ করলেই সেটি স্টার্ট হবে। ধরুন, আপনি Paint সফটওয়্যারটি রান করতে চাইছেন। তা হ লে WINDOWS-এ ক্লিক করে paint কথটি টাইপ করে এন্টার কি প্রেস করলেই পেইন্ট নামের প্রোগ্রামটি রান করবে। কথা

প্রসঙ্গে বলি, আপনার কিবোর্ডে যদি উইন্ডোজ কি না থাকে তাহলে CTRL+ESC প্রেস করে Start

# উইন্ডোজ: শর্টকাটের মজা


মেন্যু নিয়ে আসুন।

উইন্ডোজ-এর অন্তর্ভুক্ত কিছু কিছু প্রোগ্রাম এবং তাদের মডিউলের নিজস্ব শর্টকাট কি অ া ছে । উদাহরণস্বরূপ, আপনি যখন ডেস্কটপে আছেন বা আপনার সামনে কোনো প্রোগ্রাম খোলা আছে (এটা এম এ স ওয়ার্ড, পাওয়ারপয়েন্ট ইত্যাদি যে কিছু হতে পারে) তখন

F1 কি-তে চাপ দিলে Help মেন্যু চলে আসবে। আবার আপনি যদি কোনো প্রোগ্রামের ভেতরে থাকেন এবং ঐ প্রোগ্রামের হেল্প মেন্যু নয়, বরং উইন্ডোজ-এর হেল্প মেন্যু চান তাহলে আপনাকে চাপ দিতে হবে WINDOWS+F1। উইন্ডোজ টাস্ক ম্যানেজার (Task Manager)-কে ডেকে আনতে হলে তিন আঙ্গুলের স্যাঁলুট দিতে হবে, মানে CTRL+SHIFT+ESC তিনটা কি একসঙ্গে চাপতে হবে। এ মুহূর্তে খোলা কোনো প্রোগ্রামকে বন্ধ করতে হলে শ্রেফ চাপ দিন ALT+F4। আবার বর্তমানে যে প্রোগ্রামটি খোলা আছে সেটি (যেমন ফায়ারফক্সের কোনো ট্যাব) বন্ধ করতে চাইলে টিপতে হবে CTRL+F4।

### উইন্ডোজকে নিজের মত করে চালানো

বর্তমানে খোলা আছে এমন উইন্ডোতে নানারকম




কাজ করা সম্ভব শর্টকাট কি ব্যবহার করে। একইভাবে সম্ভব নতুন উইন্ডো খোলাসহ আরো অনেক কিছু। যখন আপনি কোনো একটি প্রোগ্রামের ভেতর আছেন তখন ALT এবং F10 কি একসঙ্গে চাপ দিলে দেখা দেবে মেন্যু বার। এরপর এই মেন্যু বারে আপনি অ্যারো কি ব্যবহার

করে এক মেন্যু থেকে আরেক মেন্যুতে যেতে পারেন। উইন্ডোজ সিস্টেম মেন্যু (Move, Minimize, Maximize, Close ইত্যাদি মেন্যু সম্বলিত)-কে পেতে হলে ALT+SPACE চাপ দিন। এরপর অ্যারো কি ব্যবহার করে এই মেন্যুর মধ্যেও উপরে নিচে যেতে এবং কমান্ড দিতে পারবেন। বর্তমানে যেসব প্রোগ্রাম ওপেন করা আছে সেগুলোর একটার পর একটার মধ্য দিয়ে যাওয়ার জন্য ALT+TAB ব্যবহার করুন। ALT চেপে ধরে বারবার ট্যাব কি চাপ দিলে একটার পর একটা প্রোগ্রাম সামনে আসতে থাকবে। ভিস্তা ইউজাররা এ কাজে ব্যবহার করতে পারেন ফ্লিপ থ্রিডি, এটি একটি ত্রিমাত্রিক ইন্টারফেস যেটি উপরে বর্ণিত একই কাজ করে। ভিস্তাতে এই ফ্লিপ থ্রিডি ব্যবহার করতে হলে চাপ দিতে হবে WINDOWS+TAB। যদি ইন্টারনেট এক্সপ্লোরার ব্যবহার করেন তাহলে F5 চাপ দিলে বর্তমান পেজ রিফ্রেশ হবে।

### উইন্ডোজ এক্সপ্লোরারের টিপস

উইন্ডোজ এক্সপ্লোরারের ইউজাররা কিবোর্ড



শর্টকাট ব্যবহার করে উইন্ডোজ ব্যবহারকে করে তুলতে পারেন আরো স্বাচ্ছন্দ্যময়। ধরুন আপনার সামনে এক্সপ্লোরারের একটি উইন্ডো খোলা আছে এবং যে ফোল্ডারকে সিলেক্ট করবেন সেটিকেই আপনি বড় করে খুলতে চান। এজন্য \* চিহ্ন সম্বলিত কি-টি প্রেস করুন। বর্তমানে যে ফোল্ডারটি সিলেক্ট করা আছে সেটিকে বড় করে খোলার জন্য + চিহ্ন সম্বলিত কি-টি প্রেস করুন। আবার সিলেকশন উঠিয়ে নেয়ার জন্য প্রেস করুন -। এক pane থেকে আরেকটিতে জাম্প করার জন্য F6 কি ব্যবহার করুন। কোনো কিছু মুছে ফেলার জন্য সেটিকে হাইলাইট করে ডিলিট কিতে চাপ দিন। তাহলে সেটি রিসাইকেল বিনে চলে যাবে। আর যদি চান রিসাইকেল বিনে যাওয়ার বদলে সেটি সরাসরি কম্পিউটার থেকে মুছে যাবে তাহলে ব্যবহার করুন SHIFT+DEL।

- সাইফ খলিল